



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১০.২৯.০০০২.২৫.৪০৮৯

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: শিক্ষা বিষয়ক সেমিনারে গবেষণাপত্র উপস্থাপনে আগ্রহী কর্মকর্তাগণের তথ্যাদি প্রেরণ সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক শিক্ষা বিষয়ক সেমিনার আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রতি মাসে ০২ টি করে সেমিনার আয়োজন করা হবে। এ সেমিনার থেকে প্রাপ্ত তথ্য ও উপাত্ত পরবর্তী শিক্ষার বিভিন্ন নীতি নির্ধারণ ও প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে ব্যবহার করা হবে। উক্ত সেমিনারে গবেষণাপত্র উপস্থাপনে আগ্রহী গবেষকগণের তথ্য সংগ্রহের জন্য একটি গুগলফর্ম প্রস্তুত করা হয়েছে।

এমতাবস্থায়, আগ্রহী গবেষকগণকে (এমফিল/পিএইচডি/পোস্ট ডক্টোরাল গবেষক অথবা কোন গবেষণা প্রবন্ধে যার গবেষণা প্রকাশিত হয়েছে) তাঁদের তথ্যাদি নিম্নবর্ণিত গুগল ফর্মের মাধ্যমে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

গুগল ফর্ম লিংক: <https://shorturl.at/wwLAV>



বি:দ্র: ১. শুধুমাত্র শিক্ষার মৌলিক গবেষণা সংশ্লিষ্ট (শিক্ষার মানোন্নয়ন, পাঠদান কলাকৌশল, কারিকুলাম সংক্রান্ত, শিক্ষা ব্যবস্থাপনা, মূল্যায়ন কলাকৌশল. শ্রেণি ব্যবস্থাপনা, ছাত্র শিক্ষক সম্পর্ক মানোন্নয়ন ইত্যাদি) বিষয়ে যাদের গবেষণা সম্পন্ন হয়েছে এবং এমফিল/পিএইচডি/পোস্ট ডক্টোরাল গবেষণার বাইরে অন্য গবেষকদের ক্ষেত্রে যাদের গবেষণা স্বীকৃত গবেষণা প্রবন্ধে প্রকাশিত হয়েছে, শুধুমাত্র তাদেরকেই তথ্য প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

২৮-০৮-২০২৫

ড. নীহার পারভীন
সহকারী পরিচালক-৪

০২-৪১০৫০৬১৮

dir-training@dshe.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অধ্যক্ষ (সকল সরকারি-বেসরকারি কলেজ/ সরকারি টিচার্স ট্রেনিং কলেজ)-আপনার আওতাধীন সকল গবেষক-কে তাঁদের তথ্যাদি প্রেরণের উদ্যোগ গ্রহণের অনুরোধসহ, ।
- ২। প্রধান শিক্ষক, সকল সরকারি-বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়-আপনার আওতাধীন সকল গবেষক-কে তাঁদের তথ্যাদি প্রেরণের উদ্যোগ গ্রহণের অনুরোধসহ, .।
- ৩। জনাব....., .।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১০.২৯.০০০২.২৫.৪০৮৯/১ (৩)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটের নোটিশ অংশে আপলোডের অনুরোধ সহ)।
- ৩। পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।



২৮-০৮-২০২৫
ড. নীহার পারভীন
সহকারী পরিচালক-৪